সমকাল

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬



বরিশালের দক্ষিণ আলেকান্দার এই বিদ্যালয়ের ভবন ও দেয়াল ভেঙে মার্কেট নির্মাণ করছেন কাউন্সিলর মজিবর রহমান ■ সমকাল

বরিশাল

# বিদ্যালয়ের ভবন ভেঙে মার্কেট

■ বরিশাল ব্যুরো

বরিশাল মহানগরের দক্ষিণ আলেকান্দায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ও সীমানা প্রাচীর ভেঙে মার্কেট নির্মাণের অভিযোগ উঠেছে স্থানীয় এক জনপ্রতিনিধির বিরুদ্ধে। অভিযুক্ত জনপ্রতিনিধির নাম মজিবর রহমান। তিনি বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর। নগরীর শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালের বিপরীতে চরেরবাড়ি আমর্ড পুলিশ লাইন্স সংলগ্ন ৮৯ নম্বর ভাটারখাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভবন ও সীমানা প্রাচীর ভেঙে গত কয়েকদিন ধরে চলছে মার্কেট নির্মাণ কাজ। মজিবর রহমান ওই বিদ্যালয়ের পরিচালনা পরিষদেরও সভাপতি। বিদ্যালয়ের জায়গা দখল করে মার্কেট নির্মাণের ব্যাপারে প্রাথমিক শিক্ষা দপ্তর এখন কোনো পদক্ষেপ নেয়নি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মাধুরী বিশ্বাস জানান, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর ও বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মজিবর রহমান কিছু দিন আগে শ্রমিক ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## বিদ্যালয়ের ভবন

[তৃতীয় পৃষ্ঠার পর]

নিয়োগ করে বিদ্যালয়ের পুরনো ভবন এবং সীমানা প্রাচীর ভেঙে দেন। পরে সেখানে দ্বিতল মার্কেট নির্মাণকাজ শুরু করা হয়। বিষয়টি নিয়ে কাউন্সিলর বিদ্যালয়ের কারও সঙ্গে আলাপ করেননি। প্রধান শিক্ষিকা আরও জানান, বিষয়টি তিনি সদ্য সাবেক সভাপতি আবদুর রব ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এসএম আমিরুল ইসলামকে মুঠোফোনে অবগত করেছেন। কিন্তু তারাও এ ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি।

উপজেলা শিক্ষা কর্মকর্তা এসএম আমিরুল ইসলামের কাছে জানতে চাইলে তিনি বলেন, প্রধান শিক্ষিকা মাধুরী বিশ্বাস তাকে বিদ্যালয়ের দেয়াল ভেঙে মার্কেট নির্মাণের ব্যাপারে জানিয়েছেন। কিন্তু পরে বিষয়টি তিনি ভুলে যাওয়ায় এ ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি!

জেলা শিক্ষা কর্মকর্তা আবু জাফর মো. সালেহ বলেন, বিদ্যালয়ের জমি দখল করা মারাত্মক অন্যায়। কাউন্সিলর মজিবর রহমানের এ কাজ করা ঠিক হয়নি। তিনি অভিযোগ মৌখিকভাবে শুনেছেন। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে লিখিতভাবে জানালে তিনি এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন।

বরিশালের জেলা প্রশাসক ড. গাজী মো. সাইফুজ্জামান জানান, ভাটারখাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি দখল করে মার্কেট নির্মাণের অভিযোগ তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসককে (শিক্ষা ও আইসিটি) নির্দেশ দেওয়া হয়েছে।

সিটি কাউন্সিলর ও ভাটারখাল সরকারি প্রাথমিক বিদ্যালয় কমিটির সভাপতি মজিবর রহমান বলেন, পিয়নের বেতন-ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় মেটাতে বিদ্যালয়ের আয় বাড়ানোর দরকার। তাই তিনি সভাপতি হিসেবে নিজের টাকায় মার্কেট নির্মাণ করছেন। পরে বিদ্যালয় থেকে টাকা উঠিয়ে নেবেন।